দৈনিক ইত্তেফাক

তারিখ 24 FEB 2016
পৃষ্ঠা 6 কলাম 2

# তৃতীয় বারের মতো সময় বেঁধে দিলেন বিশ্ববিদ্যালয় শিক্ষকরা

## টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পুনর্বহাল দাবি

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

অষ্টম জাতীয় বেতন কাঠামোতে টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পুনর্বহালের দাবিতে আন্দোলনরত দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা সরকারকে তৃতীয় বারের মতো সময় বেঁধে দিয়েছেন। এর মধ্যে তাদের দাবি মানা না হলে কঠোর কর্মসূচির হুঁশিয়ারি দেন তারা। তারা বলছেন, আগামী ৬ মার্চ অর্থমন্ত্রীর সভাপতিত্বে বেতন বৈষম্য নিরসন কমিটির বৈঠক রয়েছে। বৈঠকে সমস্যার সমাধান না হলে আগামী ৮মার্চ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সাধারণ সভা থেকে কঠোর কর্মসূচি দেয়া হবে। গতকাল মঙ্গলবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ক্লাব ভবন মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনে এ তথ্য জানান সংগঠনটির মহাসচিব অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। এর আগে সকাল সাড়ে ১০টা থেকে ঢাকা বিশ্ববিদালয় ক্লাব মিলনায়তনে ফেডারেশনের একটি সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় এ সিদ্ধান্ত নেন শিক্ষক নেতারা।

সম্মেলনে অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল বলেন, আমরা বেতন বৈষম্য নিরসন কমিটির সাথে আমাদের ৪দফা দাবির ব্যাপারে বৈঠক করে দাবির যৌক্তিকতা প্রমাণ করেছি। আগামী ৬ মার্চ অর্থমন্ত্রীর সভাপতিত্বে বেতন বৈষম্য নিরসন কমিটির বৈঠক রয়েছে। আমরা আশা করছি, এ বৈঠকে শিক্ষকদের দাবির সমাধান হবে। শিক্ষকদের দীর্ঘদিনের আন্দোলনের অবসান হবে।

তিনি বলেন, আমরা দীর্ঘ ১০মাস ধরে আন্দোলন করছি। কিন্তু আমাদের দাবি আদায়ে দীর্ঘসূত্রতা লক্ষ্য করছি, যা কাম্য হতে পারে না। আমরা বারবার সময় দিয়েছি যাতে শিক্ষার্থীদের কোন ক্ষতি না হয়। আগামী ৬ মার্চের বৈঠকে যদি দাবি আদায় না হলে, ৮ মার্চ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সাধারণ সভা থেকে কঠোর কর্মসূচি দেয়া হবে। সম্মেলনে ফেডারেশনের সভাপতি অধ্যাপক ফরিদউদ্দিন আহমেদসহ অন্য নেতারা উপস্থিত ছিলেন।